



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 3rd Semester Examination, 2022

CC6-BENGALI

NEW SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) 'বাংলা ছন্দের মূলসূত্র', 'কবিতার ক্লাস', 'ছন্দের বারান্দা'— এই গ্রন্থগুলি রচয়িতাদের নাম লেখো।
- (খ) মোহিতলাল মজুমদারের ছন্দ সম্পর্কিত গ্রন্থটির নাম কী? গ্রন্থটি কত সালে প্রকাশিত? তিনি দলবৃত্ত ছন্দকে কি নামে অভিহিত করেন?
- (গ) ছন্দ ও যতির পার্থক্য লেখো এবং উদাহরণ দাও।
- (ঘ) পর্বকে কী কী ভাবে বিভক্ত করা হয়? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।
- (ঙ) উপমা অলংকারের কয়টি অঙ্গ? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।
- (চ) 'উৎপ্রেক্ষা' শব্দের অর্থ কী? এই অলংকারকে কয় ভাগে ভাগ করা যায় ও কী কী? উদাহরণ দাও।
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) মুক্তক ও গদ্য ছন্দের পার্থক্য কোথায়? উদাহরণসহ এই দুই ছন্দের বৈশিষ্ট্যের উল্লেখ করে বুঝিয়ে দাও।
- (খ) ছন্দলিপি প্রস্তুত করোঃ
- (অ) চলি চলি পা পা
টলি টলি যায়
গরবিনী হেসে হেসে
আড় চোখে চায়।
- (আ) আকাশ জুড়ে মেঘ করেছে।
বৃষ্টি এলো কোন্ দেশে
কী জানি কোন্ গাছের ছায়া
একটি নদীর কোল ঘেষে॥
- (গ) অলংকার নির্ণয় করোঃ
- (অ) সাগরে যে অগ্নি থাকে কল্পনা সে নয়,
চক্ষু দেখে অবিশ্বাসীর হয়েছে প্রত্যয় -
- (আ) গোপন প্রেম রয় না ঘরে
আলোর মত ছড়িয়ে পড়ে।

- (ঘ) সমাসোক্তি কাকে বলে? উদাহরণসহ বুঝিয়ে দাও।
(ঙ) যমক ও শ্লেষ অলংকারের পার্থক্যগুলি উদাহরণসহ আলোচনা করো।
(চ) নিদর্শনা অলংকারের সংজ্ঞা লেখো এবং উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ

১২ × ২ = ২৪

- (ক) বাংলা ছন্দে সত্যেন্দ্রনাথ দত্তের অবদান আলোচনা করো।
(খ) বাংলা প্রধান তিন ছন্দের পার্থক্যগুলি উদাহরণসহ আলোচনা করো।
(গ) উপমা অলংকার কাকে বলে? উদাহরণসহ উপমার প্রকারভেদগুলি আলোচনা করো।
(ঘ) উদাহরণসহ সংজ্ঞা দাওঃ

বক্রোক্তি, ভ্রান্তিমান, ব্যাজস্ততি, অসঙ্গতি।

—x—